দর্শনায় বাদীকে ফাঁসাতে বিবাদীর পাল্টা মামলা

দর্শনা রিফুজি কলনীর ভ্যান চালক আজগার আলী বাবু ছেলে মেয়ে সংসার চালাতে চরম বিপাকে পড়েছে। পরিবার নিয়ে মানবেতর জীবন যাপন করছেন।

গত ১১ অক্টোবর, রবিবার সকাল ৭টার সময় পরাণপুর মাঝ পাড়ার সিদ্দিকের দোকানের সামনে ভ্যান নিয়ে বসে ছিল। এসময় মৃত নিয়ামত আলীর দোকানদার সিদ্দিক ভ্যান চালক আজগার আলী বাবুকে বলেনে আমার ছেলেকে প্রায়ভেট পড়তে যাবে ভ্যানে করে দিয়ে এসো।

তখন ভ্যান চালক বাবু বলেন, আর একটা বাচ্চা সে আমার রিজার্ভ আছে। ওই বাচ্চাটা এলে দুইজনকে নিয়ে যাচ্ছি। এসময় সিদ্দিক বলেন, আমার ছেলেকে আগে দিয়ে আসেন। ভ্যান চালক বাবু বলেন ৫মিনিট অপেক্ষা করো। এ কথা শুনে সিদ্দিক ক্ষিপ্ত হয়ে দোকানের পাশে লেবারদের কোদাল তুলে ভ্যান চালক বাবুর মাথায় কোপ বসিয়ে দেয়।

এসময় কোদালের আঘাতটি প্রথমে দোকানের টিনের চালে লেগে ভ্যান চালক বাবুর মুখের উপর লেগে ঠোট কেটে সামনের দুইটি দাঁত ভেঙ্গে রক্তাক্ত জখম হয়। এসময় স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে দামুড়হুদা চিৎলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

চিৎলা হাসপাতালে ৩দিন ভর্তি থেকে চিকিৎসা নেওয়ার পর গত ১৪ অক্টোবর, ২০২০ তারিখে চুয়াডাঙ্গা আমলী অদালতে একটি মামলা দায়ের করেন। এ ঘটনার পর চায়ের দোকান সিদ্দিক মামলা তুলে নিতে বিভিন্ন হুমকি ধামকি দিচ্ছে মামলা তুলে নিয়ে।

এছাড়া ২০ হাজার টাকা নিয়ে বাদীকে মামলা তুলে নেওয়ার জন্য বিভিন্ন লোক মারফত জানান বলে বাবুর পরিবার প্রতিনিধিকে জানান।

এতে রাজি না হওয়ায় সিদ্দিক উল্টো আজগার আলী বাবুর বিরুদ্ধে ১৮/১০/২০২০ তারিখে একটি মিথ্যা মামলা করে হয়রানী করছে বলে জানা গেছে। ফলে বাবুর পরিবার আতংকে দিন কাটাচ্ছে। এ বিষয় সিদ্দিকের সাথে মোবাইল ফোনে এবং সরাসরি যোগাযোগ করার চেষ্টা করে তার বক্তব্য পাওয়া যায়নি।

# [redacted]

[redacted]

মেহেরপুরে ‘টি এইচ এফ’ এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরের প্রযোজনা ও পরিচালনা প্রতিষ্ঠান ‘টি এইচ এফ’ এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভা সাংস্কিতিক অনুষ্টান অনুষ্ঠিত।

অনুষ্টানে প্রধান অথিতি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান।

বিশেষ অথিতি হিসেবে উপস্থিত ছিলেন, প্রফেসর হাসানুজ্জামান মালেক এবং অনুষ্টানের সভাপতিত্ব করেন ‘টি এইচ এফ’ এর উপদেষ্ঠা আনোয়ারুল হাসান।

আরো উপস্থিত ছিলেন, ‘টি এইচ এফ’ এর চেয়ারম্যান তানজীমুল হাসান, ব্যবস্থাপক শামীম হাসান সহ ‘টি এইচ এফ’ এর এর সকল অভিনেতা ও কলাকুশলীবৃন্দু।

অনুষ্টানে স্বাগত বক্তব্য রাখেন ‘টি এইচ এফ এর চেয়ারম্যান তানজীমুল হাসান শুভেচ্ছা বক্তব্য দেন শামীম হাসান, আতাউর রহমান, আশাবুল মন্ডল, আব্দুর রাজ্জাক।

মেহেরপুরের সকল প্রয়াত গুণীজন নাট্যজনের স্মরণে এক মিনিট নীরবতার মধ্যে দিয়ে অনুষ্টানটি শুরু হয় , এরপর আলোচনা শোভা সাংস্কৃতিক অনুষ্টান কেক কাটার মধ্য দিয়ে টি এইচ এফ এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু

শতবর্ষ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলায় বঙ্গবন্ধুর শতবর্ষ ফুটবল টুর্নামেন্ট খেলার উদ্বোধন করা হয়েছে।

উপজেলার ভাতুড়িয়া হাইস্কুল মাঠে গতকাল শুক্রবার বিকালে এই খেলার শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

স্থানীয় ৪টি ক্লাবের অংশ গ্রহনে লীগ পর্বের এই খেলা অনুষ্ঠিত হবে। উদ্বোধনী খেলায় শহীদ আলতামতি স্মৃতি স্পোটিং ক্লাব সিফাত স্পোটিং ক্লাবের মুখমুখি হয়।

সিনিয়র সাংবাদিক প্রভাষক শাহানুর আলমের সভাপতিত্বে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা মোশারেফ হোসেন মুসা’র সন্তান সাবেক বিডিআর সদস্য রমজান আলীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সাংবাদিক শাহানুর আলম খেলার উদ্বোধন ঘোষণা করেন। খেলায় শহীদ আলতামতি স্মৃতি স্পোটিং ক্লাব এবং সিফাত স্পোটিং ক্লাব ১-১ গোলে ড্র করে।

ঝিনাইদহে ডিপ্লোমা কৃষিবিদ দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল

ঝিনাইদহে ডিপ্লোমা কৃষিবিদ দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে ডিপ্লোমা কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ ঝিনাইদহ জেলা শাখার আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ডিপ্লোমা কৃষিবিদ ইন্সটিটিউশন জেলা শাখার সভাপতি খাইরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষকলীগের সভাপতি সাজেদুল ইসলাম সোম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আশরাফুল আলম। এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ডিপ্লোমা কৃষিবিদ ইন্সটিটিউশন জেলা শাখার সাংগঠনিক সম্পাদক রাজু আহমেদ, অর্থ সম্পাদক মিলন কুমার ঘোষ, দপ্তর সম্পাদক মেসবাহ আহমেদ, প্রচার ও প্রকাশনা ও তথ্য বিষয়ক সম্পাদক শামীম হোসেন প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ডিপ্লোমা কৃষিবিদ ইন্সটিটিউশন জেলা শাখার সাধারণ সম্পাদক কুরবান আলী।

আলোচনা শেষে কেক কেটে দিবসটি উদযাপন করা হয়। পরে দেশ ও জাতীর মঙ্গল কামনায় দোয়া মোনাজাত করা হয়।

জীবননগরে খোলা হাওয়া পাঠাগার উদ্বোধন

জাতীয় পাঠাগার আন্দোলন, বই পড়ি, পাঠাগার গড়ি এই স্লোগানকে সামনে রেখে তরুন ও তরুনীদের বই পড়ার প্রতি আগ্রহ তৈরি করার লক্ষে জীবননগরে খোলা হাওয়া পাঠাগারের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে জীবননগর পৌর সভার নারায়নপুর মোড়ে এ পাঠাগারের কাযলয়ের উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন শহীদ সোহরাওয়াদী মেডিকেল কলেজ হাসপাতালের ইনডোর মেডিকেল অফিসার ডাঃ তুহিন আক্তার সোহেল, সাংবাদিক মিঠুন মাহমুদ, মাজেদুর রহমান মিলটন, জীবননগর খোলা হাওয়া পাঠাগারের প্রতিষ্ঠাতা তামান্না মাজান যুথি প্রমুখ।

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

# [redacted]

[redacted]

নিহতের ভাই রাফিউল হাসান জানান, কলা বোঝাই একটি ট্রাক যোগে বৃহস্পতিবার বিকালে কসবা গ্রাম থেকে কুমিল্লার চান্দিনার উদ্যোগে রওনা দেয়। শুক্রবার সকাল ১১ টায় ট্রাক দূর্ঘটনায় মারা গেছে বলে পুলিশের পক্ষ থেকে পরিবারকে অবগত করা হয়। মৃত্যু’র সংবাদ পওয়ার পরপরই মরদেহ আনতে এ্যামবুলেন্স যোগে দূর্ঘটনাস্থলের দিকে রওনা হয়েছেন স্বজনরা।

কুমিল্লা জেলার ইলিয়াসগঞ্জ হাইওয়ের ফাঁড়ির ওসি সালেহ উদ্দীন আহমেদ জানান,কলা বোঝাই একটি ট্রাক চান্দিনায় যাওয়ার পথে চান্দুরা এলাকার নুরিটোলায় পেছালে রাস্তা থেকে ছিটকে একটি পুকুরে পড়ে মুকুল হোসেন নিহত হয়।

এ ঘটনায় ট্রাক চালক ও তার সহকারী আহত হয়েছে। মরদেহ উদ্ধার করে হাইওয়ে ফাড়িতে রাখা হয়েছে। নিহতের স্বজনরা মরদেহ নিতে রওয়না হয়েছে পৌছানো মাত্রই আইনগত প্রক্রিয়া শেষে হস্তান্তর করা হবে।

দর্শনায় দিন ব্যাপী যুব সম্প্রীতি ক্যাম্প অনুষ্ঠিত

দর্শনায় দিন ব্যাপী যুব সম্প্রীতি ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টার দিকে দর্শনা ওয়েভ ট্রেড টেনিং সেন্টারে কিশোর কিশোরীদের উদ্যোগে এই যুব সম্প্রীতি ক্যাম্পের আয়োজন করে দামুড়হুদা উপজেলার দর্শনা ইয়ুথ এসেম্বিলী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমান কাজল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওয়েভ সমন্বয়নকারী কিতাব আলী,কামরুজ্জমান যুদ্ধ, ট্রেনিং সম্বয়কারী আব্দুস সালাম, মাইটিভি ও যুগান্তর প্রতিনিধি ইকরামুল হক পিপুল, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাধারন সম্পাদক আওয়াল হোসেন, উপ-সমন্বয়নকারী মাহাবুবুর রহমান মুকুল, সহ-সমন্বয়নকারী মোস্তাফিজুর রহমান আলো।

উপস্থিত ছিলেন সিনিয়ার প্রেগাম অফিসার ইসরাইল হোসেন খান টিটো ও প্রোগ্রাম অফিসার মিরাজ উদ্দিন।

এছাড়া ইয়ুথ এসেম্বেলি গ্রুরুপের আহবায়ক সংগ্রাম,শাহানারা তুলি,জামিল,কাউসার, ফরহাদ, রাসেল হায়দার, নাহিদ, পিয়াসা, বুলবুল, রিফাত, লতা, মাম্পি,বাবু, রাবেয়া, ছালমা ও ইমা প্রমুখ।

মেহেরপুরে করোনা মুক্তির প্রার্থনার মধ্য দিয়ে পালিত হচ্ছে মহাসপ্তমী

সনাতন ধর্মালম্বীদের সর্ব বৃহৎ উৎসব ৫ দিনব্যাপী শারদীয় দুর্গোৎসবের ২য় দিন মহাসপ্তমী আজ। বৃষ্টি উপেক্ষা করে মা দুর্গার দর্শন নিতে আসছেন অনেকেই। তবে সরকারি নিষেধাজ্ঞা থাকায় এবার হচ্ছে না আরতি, বসছে না মেলা, বাজছে না গান। তাই কিছুটা হলেও ফিকে পড়েছে এবারের দুর্গোৎসবে।

মেহেরপুরের সবকটি মন্ডপেই রয়েছে আনসার ও পুলিশ সদস্য। নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করতেই কাজ করছেন প্রশাসনের পাশাপাশি সেচ্ছাসেবকরা।

শুক্রবার রাতে পুলিশ সুপার মেহেরপুর শহরের শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, নায়েব বাড়ি মন্দির, শ্রী শ্রী হরিভক্তি প্রদায়িনী পূজা মন্দির, হালদারপাড়া ও মালোপাড়া মন্দির পরিদর্শন করেন।

পরিদর্শনকালে পুলিশ সুপার সংশ্লিষ্ট মন্দির কমিটির নেতৃবৃন্দের সাথে কথা বলেন এবং শারদীয় দুর্গোৎসবের শুভেচ্ছা বিনিময় করেন। জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি ও পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য পুলিশ সুপার এস এম মুরাদ আলি কে স্বাগত জানান। জেলা পূজা উদযাপন কমিটির অন্যান্য সদস্যরা এ সময় সেখানে উপস্থিত ছিলেন।
মেপ্র/এমএফআর